## আল্লাহর শক্রু, রাগ, এবং অভিশাপ

মানুষ যখন অন্য মানুষের দারা মনে প্রচন্ড রকম কন্ট পায়, এর ফলে যখন নিজেকে খুব অসহায় মনে করে, করার যখন তেমন কিছুই থাকে না তখন সে অপরকে অভিশাপ (curse) দেয়। বলা হয় যে, অভিশাপকে মানুষ কিছুটা শেষ অন্ত্র হিসাবে ও ব্যবহার করে। এমন কি পিতা হয়ে (বিশেষ করে বুড়ো বয়শে!) পুত্রকেও মানুষ অভিশাপ দেয়। পুত্রের উপর পিতার মন সেই রকম চরম পর্যায়ে যাওয়ার পরই কেবল পিতা পুত্রকে অভিশাপ দেয়। কারন, বৃদ্ধ বয়সে একজন মানুষ শক্তি, সামথ্য, থৈর্য্য, ইত্তাদি দিক দিয়ে অসহায় হয়ে পড়ে। তার পক্ষে তার বখাটে তরুণ ছেলেকে বশে আনা সহজে সম্ভবপর হয় না। এই রকম পরিস্থিতিতেই কেবল একজন পিতা তার বখাটে পুত্রকে অভিশাপ দেয়।

আমাদের গ্রামের-বাড়ির পাশের বাড়িওয়ালারা ছিল দলে-বলে আমাদের চেয়ে বেশী শক্তিশালী। ওরা প্রায়ই কিছু না কিছু কারন খুঁজত আমাদের সাথে ঝগড়া করার। তাদের সাথে আমাদের লাঠা-লাঠি ও হয়েছে কয়েক বার। আমাদের কেহ কেহ তাদের হাতে যখমও হয়েছিলেন। আমি তখন অনেক ছোট। আমার করার তেমন কিছুই ছিলনা। ফলে আমি শুধু মনে মনে দোয়া করতাম এই বলে যে, তাদের শক্তিশালী লোকগুলো যেন accident করে মারা যায়, অথবা তারা যেন এমন কঠিন অসুখ-বিসুখ এর মধ্যে পড়ে যার ফলে তাদের হাত-পা যেন paralized হয়ে যায়! কারন আমি তখন ছিলাম ছোট এবং অসহায়। 'ঐটা-ই' ছিল আমার একমাত্র অস্ত্র।

বলা হয় যে, Arab Pagan-Jews-Christian রা Prophet Muhammad (দঃ) এবং তার ছাহাবীদের উপর অনেক রকম অত্যাচার-নির্যাতন চালাইয়াছে (বিপরীতটাও সত্য নয় কি?)। যাইহোক, তখন গোত্রে-গোত্রে যুদ্ধ, হানা-হানি, মারা-মারি, কাটা-কাটি, খুনা-খুনি, গোপন হত্যা (assasination) নিত্য-নৈমিত্ত ব্যাপার! এর ফলে এক গোত্রের প্রতি আর এক গোত্রের মানুষের মনে হিংসা-বিদ্বেষ-ঘৃণা ইত্তাদি থাকাটাই কি সবাভাবিক নয়? On the top, Prophet Muhammad (দঃ) was a human being with flesh and blood.

নীচের Qur'anic verse গুলো open and unbiased মন নিয়ে পড়ুনঃ

- **2.161:** Those who reject Faith, and die rejecting, on them is Allah's curse, and the curse of angels, and of all mankind;
- 9.84: Nor do thou ever pray for any of them that dies, nor stand at his grave; for they rejected Allah and His Messenger, and died in a state of perverse rebellion.
- **2.10:** In their hearts is a disease; and **Allah has increased their disease**: And grievous is the penalty they (incur), because they are false (to themselves).

**4.144:** O ye who believe! **Take not for friends unbelievers rather than believers:** Do ye wish to offer Allah an open proof against yourselves?

9.23: O ye who believe! Take not for protectors your fathers and your brothers if they love infidelity above Faith: if any of you do so, they do wrong.

**2.98:** Whoever is an **enemy to Allah** and His angels and messengers, to Gabriel and Michael,- Lo! **Allah is an enemy to those who reject Faith.** 

এইরকম আরো অনেক Qur'anic verse এবং হাদিস আছে!

একজন মানুষের মনের বহিঃপ্রকাশ মনে হচ্ছে না?

একজন সৃষ্টিকর্তা এমন সব কথা-বাত্রা বলতে যাবেন কেন? তিনি কোন দুঃখে তার নিজের-ই সৃষ্টিকে অভিশাপ দিতে যাবেন? এ কথাগুলো কি একজন জ্ঞানী মানুষ বলতে পারেন না?

যাকে আমরা Creator of ALL-Almighty-Compassionate-Merciful ইত্যাদি বলে জানি তার মনে কি তার নিজের-ই সৃষ্টির প্রতি এমন ধরনের ঘৃণাবোধ থাকাটা সবাভাবিক? তারও কি মানুষের মতই limited একটা মন আছে? তিনি কিভাবে রাগ করেন? রাগলে তাকে কেমন লাগে? তারও কি রাগ করার মত limited একটা মন আছে? তিনি কিভাবে খুশী হন? খুশী হইলে-ই বা তাকে কেমন দেখায়? তারও কি খুশী হওয়ার মত limited একটা মন আছে?

তিনিও কি মাঝে মাঝে বৃদ্ধ পিতা-মাতার মত তার বখাটে সন্তানদের বশে নিয়ে আসতে না পেরে অসহায় feel করেন এবং অবশেষে অভিশাপ দেন! তার কিভাবে শক্র থাকতে পারে? তিনি কি কাউকে-কাউকে তার সমকক্ষ (Parallel) ভাবেন? সমকক্ষ ছাড়া শক্র কিভাবে হয়? আমেরিকার President কি ঢাকার বস্তির টোকাইদের-কে কখনও শক্র ভাবর? ছুঁচো কিভাবে হাতির শক্র হয়? সিংহ কি হরিণ শাবককে কখন ও শক্র ভাবে? কেচকি মাছ (very tiny fish) কিভাবে তিমি মাছের শক্র হয়? বাবা-মার কাছে তাদের ছোট্র শিশু বাচ্চাটি কিভাবে শক্র হয়?

এ কি করে সম্ভব!!!

নাকি আমার-ই বোঝার ভূল!!

সেটাও বা মানি কি করে!